ভোরের কাগজ

তারিখ ... 01 OCT 1998 ...
পৃষ্ঠা ৭ ... কলাম ৩ ...

## এসএসসির প্রশ্নপত্র ফাঁস

# সিআইডির চার্জশিটে অভিযুক্ত ২০ জনের ৯ জন বিজি প্রেসের কর্মচারী

কাগজ প্রতিবেদক : ১৯৯৭ এবং চলতি বছরের এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের দুটি মামলায় সিআইডি পুলিশ ২০ জনের বিরুদ্ধে চার্জশিট দাখিল করেছে। এদের মধ্যে নয় জন বিজি প্রেসের কর্মচারী।

গত বছরের মার্চ মাসে এসএসসি পরীক্ষা চলাকালে প্রশ্নপত্র ফাঁস হওয়ার পর, পুলিশ উত্তরা থেকে শাজাহান মিয়া নামে একজন শিক্ষককে ফাঁস হওয়া প্রশ্নসহ গ্রেপ্তার করে। পরে এই মামলায় ঢাকা, টঙ্গী ও ঘোড়াশাল এলাকা থেকে আরো ১১ ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। তদন্তে প্রমাণিত হয় বিজি প্রেস থেকেই মূলত প্রশ্নপত্র ফাঁস হয়েছে।

চলতি বছরের এপ্রিল মাসে পরীক্ষা চলাকালে আবার প্রশ্নপত্র ফাঁসের ঘটনা ঘটে। ২২ এপ্রিল পুলিশ এ ঘটনায় বিজি প্রেসের বাইন্ডার কামাল উদ্দিন ওরফে মুছাকে গ্রেপ্তার করে। মুছার দেওয়া তথ্য অনুযায়ী পুলিশ প্রেসের আরো আট জন বাইন্ডারকে গ্রেপ্তার করে। পরে বিভিন্ন সময় পুলিশ তাদের সহযোগী হিসেবে মিরসরাই থেকে ফার্মেসি মালিক বাবুল কান্তি পাল, উত্তরা থেকে শিক্ষক আকবর হোসেন, মোঃ শাহজাহান, টঙ্গীর ফটোকপিয়ার ব্যবসায়ী পরিমল চন্দ্র, মিন্টু তালুকদার, জাহাঙ্গীর আলম, ক্যান্টনমেন্ট থেকে অভিভাবক সেলিম, ঘোড়াশাল থেকে ফরহাদ, জিয়াউর এবং মহাখালী থেকে ছাত্র খলিলুর রহমান বাবুকে গ্রেপ্তার করে।

বিজি প্রেসের গ্রেপ্তারকৃত আট কর্মচারী হচ্ছে আমদাদ, শফিকুল, খালেক, শামসুল, ইউসুফ, ইসহাক, কায়সার, ও তোফাজ্জল। মামলাটি তদন্ত করেন সিআইডি পুলিশ পরিদর্শক নাসির উদ্দিন পাইক।